



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি কলেজ শাখা-৩  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০১.১৯.৮১

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭  
০৭ অক্টোবর ২০২০

বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যুগোপযোগী ও অধুনিক রাষ্ট্র গড়ে তোলার জন্য বর্তমানে সামাজিক যোগাযোগের মাধ্যম খুবই গুরুত্বপূর্ণ। সামাজিক যোগাযোগ মাধ্যমে শিক্ষার পাঠদান এবং নীতি প্রণয়ন ও বাস্তবায়নে অনেক তুমিকা পালন করা হয়। অনলাইনে ক্লাশ, শিক্ষক ও ছাত্রদের মাঝে সম্পর্ক তৈরী করা এবং রাষ্ট্রের সকল ক্ষেত্রে অপ্রযাত্রার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ছাত্র ও শিক্ষকদের মাঝে সচেতনতা তৈরির জন্য নিম্নে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত কিছু নির্দেশনা প্রদান করা হলো:

১. সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, এমন কোন পোস্ট, ছবি অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে। একই সঙ্গে জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস বা পেশাকে হেয় প্রতিপন্ন করে, এমন কোন পোস্ট দেওয়া থেকেও বিরত থাকতে হবে;
২. জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোন রকম তথ্য উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে। কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতা নীতি পরিপন্থী কোন তথ্য উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইনশৃঙ্খলার অবনতি ঘটতে পারে, এবুপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
৩. জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে, এমন কোন বিষয় লেখা, অডিও বা ভিডিও প্রকাশ বা শেয়ার করা এবং ডিগ্রিহীন, অসত্য বা অশ্রীল তথ্য প্রচার থেকে বিরত থাকতে হবে;
৪. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের গাইডলাইন, চাকরির বিধানাবলি এবং এ সংক্রান্ত সরকারি নির্দেশনা অনুসরণ করে কর্মকর্তাগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করবেন;
৫. প্রতিষ্ঠান প্রধানগণ কোনো কর্মকর্তা-কর্মচারী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে বিধির ব্যত্যয় ঘটালে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজনে তদন্ত করে এর প্রমাণকসহ আঞ্চলিক অফিসের মাধ্যমে মাউশি অধিদপ্তরকে অবহিত করবেন;
৬. সামাজিক যোগাযোগ মাধ্যমে সক্রিয় বিভিন্ন গ্রুপ বা পেজের এডমিনগণ পোস্ট/কমেন্ট ইত্যাদি অনুমোদন করার সময়ে সরকারি নীতিমালার পরিপন্থী, স্ব স্ব প্রতিষ্ঠান, দপ্তর ও সংস্থার বিপক্ষে অবস্থানকারী কোন পোস্ট অনুমোদন করবেন না। অন্যথায় এডমিন এবং পোস্টদাতা উভয়েই সরকারি বিধি অনুযায়ী অভিযুক্ত হবেন এবং তাঁদের বিবৃদ্ধি ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন ধরনের শৃঙ্খলা পরিপন্থী ও অপ্রীতিকর কার্যকলাপ যাতে না ঘটে সে ব্যাপারে দৃষ্টি রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-১০-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০১.১৯.৮১/১(৬)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭  
০৭ অক্টোবর ২০২০



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
website : www.mccollege.edu.bd  
email : [m.c.college\\_sylhet@live.com](mailto:m.c.college_sylhet@live.com)



বিজ্ঞপ্তি

তারিখ : ১০.১০.২০২০ খ্রি.

সংযুক্ত নির্দেশনার আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ ১০/১০/২০২০

মুরারিচাঁদ কলেজ, সিলেট